

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭১

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৬৭. জানাবাত (বড অপবিত্রতা) হতে গোসল করা

بَابٌ فِي الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ

আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَبْدَأُ فَيَغْسِلُ يَدَيْهِ ثُمَّ يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلَاةِ ثُمَّ يُدْخِلُ كَفَّهُ فِي الْمَاءِ فَيُخَلِّلُ بِهَا أُصُولَ شَعْرِهِ حَتَّى إِذَا خُيِّلَ إِلَيْهِ أَنَّهُ قَدْ اسْتَبْرَأَ الْبَشَرَةَ غَرَفَ بِيَدِهِ ثَلَاثَ غَرَفَاتٍ فَصَبَّهَا عَلَى رَأْسِهِ ثُمَّ اغْتَسَلَ قَالَ أَبُو مُحَمَّد هَذَا أَحَبُ إِلَيَّ مِنْ حَدِيثِ سَالِم بْنِ غَرَفَاتٍ فَصَبَّهَا عَلَى رَأْسِهِ ثُمَّ اغْتَسَلَ قَالَ أَبُو مُحَمَّد هَذَا أَحَبُ إِلَيَّ مِنْ حَدِيثِ سَالِم بْنِ أَبِي الْجَعْدِ

বাংলা

৭৭১. আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (জানাবাতের গোসলের) শুরুতে দু'হাত ধুতেন। এরপর সালাতের ওযুর ন্যায় ওযু করতেন। তারপর পানিতে হাত ঢুকিয়ে দিয়ে হাত দিয়ে তাঁর চুলের গোড়া খিলাল করতেন যতক্ষণ না তাঁর মনে হতো যে (চুলের গোড়ার) মাথার চামড়া ভিজে গেছে। হাত দিয়ে অঞ্জলী ভরে মাথায় তিন অঞ্জলী পানি ঢালতেন। তারপর মাথায় পানি ঢালতেন এবং (এরপর সারা শরীর) ধৌত করতেন।[1] আবু মুহাম্মদ বলেন: সালিম ইবনু আবীল জা'দের হাদীসের চেয়ে এটাই আমার নিকট অধিক পছন্দনীয়।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ২৪৮; সহীহ মুসলিম ৩১৬; আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং ৪৪৮২ ও সহীহ ইবনু হিব্বান নং ১১৯১, ১১৯৬, ১১৯৭; ও মুসনাদুল হুমাইদী নং ১৬৩।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন